# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

**নগর ভবন**

**প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।**

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২১ তম কর্পোরেশন সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ ওসমান গণি<br>মাননীয় প্যানেল মেয়র<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| তারিখ | : | ২৭ অগ্রহায়ণ ১৪২৪<br>১১ ডিসেম্বর, ২০১৭ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| স্থান | : | নগর ভবন, সেন্টার পয়েন্ট (লেভেল-৮), প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা |

**সভায় উপস্থিত কাউন্সিলরদের তালিকা পরিশিষ্ট "ক"**

সভাপতির সম্মতিক্রমে ডিএনসিসি'র সদ্য প্রয়াত মেয়র আনিসুল হক এর স্মরণে ১ (এক) মিনিট নীরবতা পালন এবং তাঁর আত্মার মাগফিরাত কামনায় দোয়ার মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি প্রধান নির্বাহী কর্মকর্তা'কে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। প্রধান নির্বাহী কর্মকর্তা সভার সভাপতি, মাননীয় প্যানেল মেয়রবৃন্দ, সম্মানিত কাউন্সিলরবৃন্দ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উপস্থিত কর্মকর্তাগণ'কে শুভেচ্ছা জানিয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করেন। এজেন্ডা ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

২.০ আলেচনা ও সিদ্ধান্তঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১. | বিগত ৩০/১০/২০১৭ তারিখ অনুষ্ঠিত ২০তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ | প্রধান নির্বাহী কর্মকর্তা গত ২০/১০/২০১৭ তারিখ অনুষ্ঠিত ২০তম সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষ্যে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানান।<br>কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ২০তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণে উপস্থিত সকলে ঐক্যমত্য পোষণ করেন। | সর্বসম্মতিক্রমে ২০তম কর্পোরেশন সভার কার্যবিবরণীর দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২. | ২০তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি | ২০তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করা হয়। | ১। ২০তম কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | • বিভাগীয় প্রধান (সকল)<br>• আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ০৩. | মাননীয় মেয়র জনাব আনিসুল হক এর মৃত্যুতে ১ মিনিট নীরবতা পালন, শোক প্রস্তাব ও দোয়া আয়োজন। | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব আনিসুল হক পারিবারিক প্রয়োজনে গত ২৯ জুলাই যুক্তরাজ্যে গমন করেন। সেখানে তিনি হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। ১৩ আগস্ট তাঁকে লন্ডনের ন্যাশনাল নিউরোসায়েন্স হাসপাতালে ভর্তি করা হয়। পরীক্ষা-নিরীক্ষার পর চিকিৎসকরা তাঁর মস্তিষ্কের প্রদাহজনিত রোগ 'সেরিব্রাল ভাস্কুলাইটিস' শনাক্ত করেন। এরপর তাঁকে নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) রেখে চিকিৎসা দেওয়া হচ্ছিল।<br>অতঃপর ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র জনাব আনিসুল হক গত ৩০/১১/২০১৭ খ্রিঃ তারিখ লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে বাংলাদেশ সময় রাত ১০:২৩ ঘটিকায় লন্ডনে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়াইন্নাইলাহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিলো ৬৫ বছর। মরহুমের জানাযা নামাজ গত ০২/১২/২০১৭ খ্রিঃ তারিখ বাদ আসর বাংলাদেশ আর্মি স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়। জানাযা নামাজ শেষে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বনানী কবরস্থানে প্রয়াত মেয়র জনাব আনিসুল হক এর দাফন কার্য সম্পন্ন করা হয় এবং ০৬/১২/২০১৭ খ্রিঃ তারিখ বাদ আসর গুলশান সেন্ট্রাল মসজিদ (আজাদ মসজিদ)-এ মরহুমের কুলখানি অনুষ্ঠত হয়।<br>সভায় সদ্য প্রয়াত মেয়র আনিসুল হক এর স্মরনে নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করা হয়ঃ<br>১। সদ্য প্রয়াত মেয়র জনাব আনিসুল হক এর স্মরনে ১ (এক) মিনিট নীরবতা পালন করা হয়।<br>২। মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত ও শান্তি কামনায় দোয়া অনুষ্ঠিত হয়।<br>৩। মেয়র আনিসুল হক এর অকাল মৃত্যুতে নিম্নরূপ শোক প্রস্তাব উত্থাপন করা হয়। | মেয়র আনিসুল হক এর অকাল মৃত্যুতে নিম্নরূপ শোক প্রস্তাব গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><u>শোক বার্তা</u><br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব আনিসুল হক গত ৩০ নভেম্বর ২০১৭ তারিখ বাংলাদেশ সময় রাত ১০.২৩ ঘটিকায় লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব আনিসুল হক এর মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফিরাত কামনা করছে এবং | • সচিব |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td><u>শোক বার্তা</u><br><br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব আনিসুল হক গত ৩০ নভেম্বর ২০১৭ তারিখ বাংলাদেশ সময় রাত ১০.২৩ ঘটিকায় লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব আনিসুল হক এর মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফিরাত কামনা করছে এবং মরহুমের শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।<br>উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর মাননীয় মেয়র এর অকাল মৃত্যুতে "শোক বার্তা" গ্রহণের বিষয়ে সর্বসম্মতিক্রমে ঐক্যমত্য পোষণ করেন।</td><td>মরহুমের শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।</td><td></td></tr>
<tr><td>০৪.</td><td>কম্বোডিয়ার প্রয়াত রাজা ও জাতির পিতা নরোদম সিহানুক এর নামে নামকরণ এর নিমিত্ত ডিএনসিসি'র আওতাধীন প্রস্তাবিত ০৩ (তিন)টি সড়কের মধ্যে ১(এক)টি সড়কের নাম অনুমোদন।</td><td>নগর পরিকল্পনাবিদ সভাকে অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রী বিগত ৩-৫ ডিসেম্বর ২০১৭ তারিখে কম্বোডিয়া সফর করেন। মাননীয় প্রধানমন্ত্রীর কম্বোডিয়া সফরের প্রাক্কালে বাংলাদেশ ও কম্বোডিয়ার মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার করার লক্ষ্যে বাংলাদেশ সরকার এবং কম্বোডিয়া সরকার উভয় দেশের একটি করে গুরুত্বপূর্ণ সড়কের নামকরণ উভয় দেশের জাতির জনকের নামে করার সিদ্ধান্ত গ্রহন করেন।<br>এরই ধারাবাহিকতায় কম্বোডিয়ার সরকার বাংলাদেশের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে কম্বোডিয়ার রাজধানী নমপেনের ৩৩৭ নম্বর সড়কটি বাংলাদেশের জাতির জনক এর নামে নামকরণের সিদ্ধান্ত গ্রহণ করেন।<br>একইভাবে বাংলাদেশের রাজধানী ঢাকার একটি গুরুত্বপূর্ণ সড়কের নামকরণ কম্বোডিয়ার প্রয়াত রাজা ও জাতির পিতা নরোদম সিহানুক এর নামে নামকরণের জন্য ডিএনসিসি'র নিকট সড়কের তালিকা চাওয়া হলে নিম্নবর্ণিত ৩ টি সড়কের নাম প্রস্তাব করা হয়ঃ
<table>
<tr><th>ক্রম</th><th>রাস্তার নাম</th><th>রাস্তার দৈর্ঘ্য</th><th>রাস্তার প্রস্থ</th></tr>
<tr><td>০১</td><td>বারিধারাস্থ পার্ক রোড সড়ক</td><td>১.৩ কিঃমিঃ</td><td>৪০´ X ০´´</td></tr>
<tr><td>০২</td><td>মিরপুর-১০ গোলচত্ত্বর হতে মিরপুর-২ নম্বর গোলচত্ত্বর পর্যন্ত সড়ক</td><td>১.৬৫ কিঃমিঃ</td><td>৮০´ X ০´´</td></tr>
<tr><td>০৩</td><td>মিরপুর-২ (গ্রামীন ব্যাংক এর পেছনে) হতে আগারগাঁও পর্যন্ত ৬০ ফিট সড়ক</td><td>৩.৩১ কিঃমিঃ</td><td>৬০´ X ০´´</td></tr>
</table>
এই তিনটি সড়কের মধ্য হতে "বারিধারা পার্ক রোড" সড়কটি কম্বোডিয়ার প্রয়াত রাজা ও জাতির জনক নরোদম সিহানুক এর নামে নামকরণের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় হতে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং বিষয়টি প্রধানমন্ত্রীর কার্যালয় হতে স্থানীয় সরকার বিভাগ'কে অবহিত করা হয়।<br>"বারিধারা পার্ক রোড" সড়কটি কম্বোডিয়ার প্রয়াত রাজা ও জাতির জনক নরোদম সিহানুক- এর নামানুসারে "নরোদম সিহানুক সড়ক" নামে নামকরণের বিষয়টি ভূতাপেক্ষভাবে অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।<br>উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর "বারিধারা পার্ক রোড" সড়কটি কম্বোডিয়ার প্রয়াত রাজা ও জাতির জনক নরোদম সিহানুক- এর নামানুসারে "নরোদম সিহানুক সড়ক" নামে নামকরণের বিষয়টি ভূতাপেক্ষভাবে অনুমোদনের বিষয়ে ঐক্যমত্য পোষণ করেন।</td><td>"বারিধারা পার্ক রোড" সড়কটি কম্বোডিয়ার প্রয়াত রাজা ও জাতির জনক নরোদম সিহানুক- এর নামানুসারে "নরোদম সিহানুক সড়ক" নামে নামকরণের বিষয়টি ভূতাপেক্ষভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>• নগর পরিকল্পনাবিদ</td></tr>
<tr><td>০৫.</td><td>তেজগাঁও সাতরাস্তা মোড় থেকে কারওয়ান বাজার পর্যন্ত সড়কের নামকরণ</td><td>প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন, ঢাকার রাস্তায় যানযটের অন্যতম কারণ যত্রতত্র অবৈধ পার্কিং। তেজগাঁও সাতরাস্তা থেকে কারওয়ান বাজার অভিমূখী রাস্তায় অবৈধভাবে ট্রাক পার্কিং করা নৈমিত্তিক বিষয় ছিলো। ফলে রাস্তাজুড়ে ট্রাকস্ট্যান্ড গড়ে উঠেছিল। সদ্য প্রয়াত মেয়র আনিসুল হক দায়িত্বভার গ্রহণের কয়েক মাসের মধ্যে জীবন বাজি রেখে এই অবৈধ ট্রাকস্ট্যান্ড উচ্ছেদ করেন। পরবর্তীতে তাঁর নির্দেশনায় প্রকৌশলী বিভাগ কর্তৃক তেজগাঁও সাতরাস্তা থেকে কারওয়ান বাজার পর্যন্ত সড়কের মিডিয়ান নির্মাণ, সৌন্দর্যবর্ধনসহ সড়কটির নানাবিধ উন্নয়ন কাজ করা হয়।<br>সে প্রেক্ষিতে আলোচ্য সড়কটি যথাযথভাবে সংরক্ষণসহ "তেজগাঁও সাতরাস্তা থেকে কারওয়ান বাজার" পর্যন্ত সড়কটি ডিএনসিসি'র সদ্য প্রয়াত</td><td>"তেজগাঁও সাতরাস্তা থেকে কারওয়ান বাজার" পর্যন্ত সড়কটি ডিএনসিসি'র সদ্য প্রয়াত মেয়র আনিসুল হক এর নামে নামকরণ করার অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>• নগর পরিকল্পনাবিদ</td></tr>
</table>